সমকাল

তারিখ 29 MAY 2015
পৃষ্ঠা ২০ কলাম ২

# রাজশাহীতে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১

■ রাজশাহী ব্যুরো

রাজশাহী নগরীর রানীবাজার এলাকায় ছাত্রলীগের দু'পক্ষের মধ্যে গুলিবিনিময় ও সংঘর্ষ হয়েছে। গুলিবিদ্ধ হয়ে জীবন শেখ (২৫) নামের এক ছাত্রলীগ কর্মী নিহত এবং কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। নিহত জীবন শেখ রাজারহাতা এলাকার বাসিন্দা হোসেন শেখের ছেলে। এ ঘটনায় গতকাল বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত এলাকায় উত্তেজনা বিরাজ করছিল।

ছাত্রলীগের একাধিক সূত্র জানায়, রাজশাহী সিটি কলেজ ছাত্রলীগের সভাপতি রবিনের সঙ্গে বোয়ালিয়া থানা আওয়ামী লীগ সভাপতি আতিকুর রহমান কালুর ছেলে ও নগর ছাত্রলীগের সদস্য তুহিনের সুসম্পর্ক ছিল। বৃহস্পতিবার বিকেলে রবিন মোবাইলে ফোন করে সিটি কলেজের সামনে তুহিনকে আসতে বলে। ওই সময় তুহিন

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## রাজশাহীতে

[শেষ পৃষ্ঠার পর]

সেখানে যাওয়ার পরপরই রবিন তাকে লোহার পাইপ দিয়ে মারধর করে। এ ঘটনায় আতিকুর রহমান কালু বোয়ালিয়া থানায় একটি অভিযোগ দেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে রবিন গ্রুপের একদল নেতাকর্মী গুলি করতে করতে রানীবাজার মোড়ে এসে একটি ক্লাবঘরে হামলা চালায়। এ সময় ওই ক্লাবঘরে কালুর বড় ছেলে তুষার ক্যারম খেলছিল। তারা তুষারসহ বেশ কয়েকজনকে মারধর করে আহত করে। তুষারের মোটরসাইকেল ও ক্লাবঘর ভাংচুর করে। এক পর্যায়ে আতিকুর রহমান কালুর লোকজন সংগঠিত হয়ে তাদের ধাওয়া করে। এ ময় দু'পক্ষের মধ্যে ইটপাটকেল নিক্ষেপ ও গুলিবিনিময়ের ঘটনা ঘরে। পরে গুরুতর আহত অবস্থায় ছাত্রলীগ কর্মী গুলিবিদ্ধ জীবনকে উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আতিকুর রহমান কালু বলেন, 'আমার ছেলে তুহিনকে বিকেলে মারধর করে রবিন। এ ঘটনায় গণ্ডগোল এড়াতে থানায় এজাহার দিই। তারপর তারা প্রস্তুতি নিয়ে আবারও হামলা করেছে।'

বোয়ালিয়া থানার ওসি (তদন্ত) মাহমুদুর রহমান জানান, ছাত্রলীগ ও আওয়ামী লীগের অভ্যন্তরীণ বিষয় নিয়ে এ সংঘর্ষের ঘটনাটি ঘটেছে। পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে।